

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনসিটিউট আঞ্চলিক কেন্দ্র

রাজাবাড়ি হাট, গোদাগাড়ি, রাজশাহী



বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনসিটিউট

প্রতিষ্ঠার পটভূমি:

গবেষণা ছাড়া প্রাণিসম্পদ উন্নয়ন সম্ভব নয়। বিষয়টি বিবেচনা করে বাংলাদেশের প্রাণিসম্পদ উন্নয়নে গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য একটি জাতীয় প্রতিষ্ঠান স্থাপনের প্রয়োজন অনুভব করে ১৯৮৪ সালে মহামান্য রাষ্ট্রপতি ২৮ নং অর্ডিন্যাস এর মাধ্যমে ঢাকার সন্নিকটে সাভার উপজেলায় ৪৮৬ একর জায়গার উপর ১৯৮৪ সালে বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনসিটিউট প্রতিষ্ঠা করা হয়।

জাতীয় কৃষি গবেষণা সিস্টেমের একটি ইনসিটিউট হিসাবে বিএলআরআই এর ৯ নং আইনটি গত ১৯৯৬ সালে বাংলাদেশ জাতীয় সংসদ কর্তৃক বলবৎ করা হয়।

প্রতিষ্ঠার পর থেকেই ইনসিটিউট এ দেশের পোল্ট্রি ও প্রাণিসম্পদ উন্নয়নের লক্ষ্যে গবেষণা কার্যক্রম পরিচালনা করে আসছে। গ্রামীণ দারিদ্র্য নির্মূল, কর্মসংস্থান সৃষ্টি, খাদ্য ও পুষ্টি ঘাটতি পূরণ, আয় বৃদ্ধি এবং নারীর ক্ষমতায়নের জন্য প্রাণিজ কৃষির এ ক্ষেত্রে উন্নয়নের লক্ষ্যে বহুমাত্রিক গবেষণা কার্যক্রম পরিচালনা করে আসছে। বিএলআরআই, বেসরকারী প্রতিষ্ঠান, ব্যক্তি প্রতিষ্ঠান ও সম্প্রসারণ সংস্থাগুলির সংগেও গবেষণা কর্ম পরিচালনা করছে এবং উভাবিত প্রযুক্তি মাঠ পর্যায়ে জনগণের নিকট হস্তান্তর করে আসছে।

আঞ্চলিক কেন্দ্র প্রতিষ্ঠার গুরুত্ব:

সময়ের প্রেক্ষাপটে পরিবর্তিত পরিস্থিতি, বৈশ্বিক জলবায় পরিবর্তনজনিত চ্যালেঞ্জ মোকাবেলা ও



রাজশাহীর গোদাগাড়ি রাজাবাড়ি হাটে নির্মিত অফিস কাম গবেষণাগার

বিএলআরআই গবেষণা কাজের সম্প্রসারণ এবং অধ্যলভিত্তিক সমস্যা চিহ্নিত করে সমাধানের লক্ষ্যে গবেষণা কাজ পরিচালনার জন্য দুটি আঞ্চলিক কেন্দ্র প্রতিষ্ঠা করা হয়। এর একটি সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলায় বাঘাবাড়ি ঘাট এবং অন্যটি বান্দরবান জেলায় নাইক্ষ্যংছড়ি উপজেলায় অবস্থিত। এ দুটি আঞ্চলিক কেন্দ্রই বিএলআরআই এর উত্তরবিত্ত প্রযুক্তিগুলো মাঠ পর্যায়ে পর্যবেক্ষণ ছাড়াও ঐ সকল অঞ্চলের সমস্যা চিহ্নিত করে সমাধানে গবেষণা করে আসছে।

সার্বিকভাবে বিএলআরআই এবং এর আঞ্চলিক কেন্দ্রগুলি প্রাণিসম্পদের সমস্যা চিহ্নিতকরণ ও এর সমাধান কল্পে প্রকল্প পরিচালনা করা ছাড়াও জাত উত্তাবন, খাদ্য ও পুষ্টি ব্যবস্থাপনা, রোগ সন্তোষকরণ এবং রোগ নিয়ন্ত্রণে প্রতিযোথেক উত্তাবন, খামারী ও উদ্যোগাদের পরামর্শ সেবা প্রদান করছে। যার মাধ্যমে খাদ্য নিরাপত্তা ও পরিবর্তনশীল জলবায়ুজ্ঞিত কারণে উত্তৃত সংকটগুলির সমাধান করে দেশের আর্থ-সামাজিক উন্নয়নের অবদান রাখছে যা আমাদের এসডিজি-র অন্যতম লক্ষ্য।

রাজশাহীতে অফিস কাম গবেষণাগার স্থাপনের পূর্বকথা:

বর্তমান সময়ে দেশে ছাগলের পিপিআর রোগ ও গবাদি প্রাণীর ক্ষুরারোগ এর কারণে গবাদি প্রাণীর উন্নয়ন মারাত্মকভাবে ব্যহত হচ্ছিল। এ বিষয়টি বিবেচনা করে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাধ্যমে বিএলআরআই “বাংলাদেশে ক্ষুরারোগ ও পিপিআর গবেষণা” শীর্ষক একটি উন্নয়ন প্রকল্প গ্রহণ করে। বিস্তারিত গবেষণা কাজ ও নমুনা তথ্য সংগ্রহের জন্য প্রকল্পের অর্থায়নে রাজশাহীর গোদাগাড়ি উপজেলার রাজাবাড়িহাটে প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক প্রত্যর্পকৃত ২৬.৫৭ একর জমির উপর একটি অফিস কাম গবেষণাগার নির্মাণ করা হয়। প্রকল্পের আওতায় নির্মিত অফিস কাম গবেষণাগার এর গবেষণা কার্যক্রম গত ডিসেম্বর ২০১৬ খ্রিঃ হতে শুরু করা হয়। ইতোমধ্যে এই গবেষণাগারে ১ জন উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা, ১ জন বৈজ্ঞানিক কর্মকর্তা, ১ জন ল্যাবঃ টেকনিশিয়ান ও ১ জন নৈশ প্রহরী নিয়োগ দেয়া হয়েছে। বর্তমানে নির্বাচিত খামারীদের গবাদি প্রাণির ক্ষুরারোগ



মহাপরিচালক, বিএলআরআই-এর রাজশাহী অফিস কাম ল্যাবরেটরী পরিদর্শন

নিয়ন্ত্রণ এবং ছাগল ও ভেড়ার পিপিআর রোগ নিয়ন্ত্রণ কার্যক্রম শুরু করা হয়েছে। এ অঞ্চলে ক্ষুরারোগে খামারীদের ক্ষতি নিরূপণের জন্য তথ্য সংগ্রহ করা হচ্ছে। এ ছাড়াও এ গবেষণাগারের বিজ্ঞানীদের দ্বারা এ অঞ্চলের খামারীদের বিনা মূল্যে পরামর্শ সেবা ও নমুনা পরীক্ষা করে রোগ নির্ণয় ও ব্যবস্থাপনা দেওয়া হচ্ছে। এ কেন্দ্রটি এ অঞ্চলের প্রাণিসম্পদ উন্নয়নে অবদান রাখবে বলে আশা করা যায়।



ভবিষ্যৎ পরিকল্পনা:

বরেন্দ্র অঞ্চলে পোলিট্রি, গবাদি প্রাণি উৎপাদন, খাদ্য ও পুষ্টি ব্যবস্থাপনা, রোগ নিয়ন্ত্রণ কৌশল ইত্যাদি বিষয়ে লাগসই প্রযুক্তি উভাবন করা প্রয়োজন। এ লক্ষ্যে ইতোমধ্যে এ কেন্দ্রটিকে একটি পূর্ণাঙ্গ আঞ্চলিক কেন্দ্র হিসাবে প্রতিষ্ঠা করার জন্য একটি ডিপিপি প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং একটি মাস্টার প্ল্যানও প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রস্তাবিত প্রকল্পে বিভিন্ন বিষয়ে গবেষণা করার জন্য আলাদা আলাদা গবেষণাগার, অফিস ভবন, আবাসিক এলাকা, গবেষণা খামার, ইত্যাদি স্থাপনের সংস্থান রাখা হয়েছে। আশা করা যায় খুব দ্রুততম সময়েই এ স্থানে আঞ্চলিক কেন্দ্রের সকল সুযোগ সুবিধা তৈরী হবে এবং যা এ অঞ্চলের প্রাণিসম্পদ এর উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনসিটিউট
রাজশাহী আঞ্চলিক কেন্দ্র-এর মাস্টার প্ল্যান



Master Plan



বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনসিটিউট, সাভার, ঢাকা।
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা, বাংলাদেশ।

PROJECT	Research on foot & mouth Disease (FMD) and Peste Des Petits Ruminants (PPR) in Cattle, Sheep and Goats under Livestock Research Institute At Rajshahi Sub-Centre Under BLRI, Sylhet, Dhaka.		
CLIENT	Project Director FMD & PPR Project		
ARCHITECT	M.M.KHAN	Scale	
CO-ORDINATION	M.M.KHAN	Drawn	
DESIGN & DEVELOPMENT	M.M.KHAN	Date	
ENGINEER	M.A.LATIF	Checked	
DESIGN & DEV.	M.A.LATIF	Approved	
DRG.TITLE	Master Plan	Status	
BUILDING		Drg. No	MP-01

SS ARCHITECT ENGINEER PLANNING & MANAGEMENT CONSULTANT

HOUSE#6, ROAD NO.48, GULSHAN-2, DHAKA-1213, BANGLADESH